



লস এঞ্জেলস কাউন্টি রেজিস্ট্রার-রেকর্ডার/কাউন্টি ক্লার্ক

নভেম্বর 2022 সাধারণ নির্বাচন - FAQ (প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন)

ভোটার নিবন্ধন

আমি কীভাবে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারি?

- ▲ ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার সবচেয়ে সহজ পদ্ধতি হল অনলাইন [LAVOTE.GOV](https://www.lavote.gov) এ গিয়ে।
- ▲ লাইব্রেরি, DMV অফিস এবং Norwalk রেজিস্ট্রার সদর দফতরের মতো বেশিরভাগ সরকারি ভবনেও ভোটার নিবন্ধনের আবেদনপত্র পাওয়া যায়।
- ▲ এই নির্বাচনের জন্য ডাকযোগে ব্যালট পেতে ভোটারদের অবশ্যই **অক্টোবর 24** এর মধ্যে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে হবে।

আমি কীভাবে আমার নিবন্ধনের স্থিতি পরীক্ষা করতে পারি ?

- ▲ ভোটাররা তাদের নিবন্ধনের স্থিতি এবং তথ্য অনলাইনে [LAVOTE.GOV/VRSTATUS](https://www.lavote.gov/vrstatus)-এ চেক করতে পারেন অথবা কল করুন (800) 815-2666, বিকল্প 2 এ।

আমি যদি নিবন্ধনের সময়সীমা মিস করি তবে কি আমি ভোট দিতে পারবো ?

- ▲ হ্যাঁ, যে কোন যোগ্য ভোটার **অক্টোবর 24** নিবন্ধনের সময়সীমা মিস করলেও তারা একটি Conditional Voter Registration এর মাধ্যমে L.A. কাউন্টির যে কোনো ভোট কেন্দ্রে সশরীরে ভোট দিতে পারেন। (এক-দিনেই নিবন্ধন)।

কিভাবে এবং কখন আমার ভোটার নিবন্ধন আপডেট করা উচিত ?

- ▲ যদি কোন ভোটার স্থানান্তরিত হয়ে থাকেন, বা তাদের নাম পরিবর্তন করেন বা তাদের রাজনৈতিক দলের সংযোজন পরিবর্তন করতে চান, তাহলে তারা [LAVOTE.GOV](https://www.lavote.gov)-এ তাদের নিবন্ধন আপডেট করতে পারেন। কাউন্টি বা রাজ্যের বাইরে চলে যাওয়া ভোটারদের জন্য, অনুগ্রহ করে নিবন্ধকের অফিসে (800) 201-8999-এ যোগাযোগ করুন, আপনার নিবন্ধন বাতিল করতে বিকল্প 2, অথবা বাতিল নিবন্ধন ফর্ম ডাউনলোড করতে [LAVOTE.GOV](https://www.lavote.gov)-এ যান।

মেইল অথবা ডাকের মাধ্যমে ভোট দিন

আমি কখন ডাক ব্যালটের মাধ্যমে আমার ভোট পাব?

- ▲ ডাকের মাধ্যমে ভোট ব্যালট **অক্টোবর 6** থেকে সমস্ত নিবন্ধিত ভোটারদের কাছে পাঠানো হবে।

আমি কিভাবে ডাক ব্যালটের মাধ্যমে আমার ভোট ট্র্যাক করতে পারি?

- ▲ [california.ballottrax.net](https://www.california.ballottrax.net) এ গিয়ে **Where's My Ballot**-এ সাবস্ক্রাইব করে ভোটাররা তাদের ব্যালট ট্র্যাক করতে পারেন। এটি একটি বিনামূল্যের সাবস্ক্রিপশন যা আপনাকে টেক্সট মেসেজ, ইমেইল, ভয়েসমেইল দ্বারা ব্যালটের স্টেটাস ব্যাক করে।

কোথায় আমি ব্যালট ড্রপ বক্স অবস্থানের একটি তালিকা খুঁজে পেতে পারি ?

- ▲ অনলাইন [LAVOTE.GOV](https://www.lavote.gov) এ গিয়ে
- ▲ ভোটারের বাসস্থানের কাছে সুবিধাজনক ব্যালট ড্রপ বক্স অবস্থানের একটি তালিকা ভোট-বাই-মেইল প্যাকেটের মাধ্যমে অন্তর্ভুক্ত করা হয়েছে।

কেন আমাকে রিটার্ন খামে স্বাক্ষর করতে হবে?

- ▲ রেজিস্ট্রার ভোটারের নিবন্ধনের স্বাক্ষর সহ রিটার্ন খামে স্বাক্ষর যাচাই করে যোগ্যতা নিশ্চিত করার জন্য রেকর্ড করা হয়।

আমি কি আমার জন্ম তারিখ টি রিটার্ন খামে লিখবো না ফেরত পাঠানোর তারিখ টি লিখবো ?

- ▲ ব্যালট ফেরত দেওয়ার তারিখ টি লিখুন। যদি কোনও ভোটার পরিবর্তে তাদের জন্ম তারিখ প্রবেশ করেন, তবে ব্যালটটি তখনও প্রক্রিয়া করা হবে এবং একবার যাচাই করে নিশ্চিত হলে, নির্বাচনের রাতে গণনা করা হবে।

কখন আমার ব্যালট জমা দেওয়ার প্রয়োজন হবে ?

- ▲ ভোটাররা তাদের ব্যালট হাতে পাওয়ার সাথে সাথেই ফেরত দিতে পারবেন।
- ▲ সমস্ত ব্যালট অবশ্যই পোস্টমার্ক করে নির্বাচনের দিনের মধ্যে ফেরত দিতে হবে।
- ▲ আমাদের অফিস নির্বাচনের দিন পোস্টমার্ক করা ব্যালট গ্রহণ করবে এবং নির্বাচন দিনের পর থেকে 7 দিনের মধ্যে প্রাপ্ত হতে হবে।



লস এঞ্জেলস কাউন্টি রেজিস্ট্রার-রেকর্ডার/কাউন্টি ক্লার্ক

নভেম্বর 2022 সাধারণ নির্বাচন - FAQ (প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন)

মেইলের (ডাকের) মাধ্যমে ভোট দিন

আমি যদি ব্যালট না পাই বা এটি ক্ষতিগ্রস্ত হয় তবে কী হবে?

- ▲ ভোটাররা LAVOTE.GOV/REPLACEBALLOT এ পরিবর্তিত ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন। পরিবর্তনের অনুরোধ করার শেষ দিন 1 লা নভেম্বর।
- ▲ কল করুন (800) 815-2666, বিকল্প 2, অথবা আপনার পুরো নাম, জন্মতারিখ এবং ঠিকানা সহ votebyemail@rrcc.lacounty.gov তে ইমেল করুন।

আমি কিভাবে একটি ভিন্ন ভাষায় মেইল ব্যালটের মাধ্যমে একটি ভোট অনুরোধ করতে পারি?

- ▲ নমুনা ব্যালট বইয়ের পিছনে ভাষা অনুরোধ ফর্মটি পূরণ করুন এবং ফেরত দিন।
- ▲ (800) 815-2666, বিকল্প 3 এ রেজিস্ট্রারের বহুভাষিক পরিষেবা বিভাগে কল করুন।
- ▲ সমর্থিত ভাষাগুলো: আর্মেনিয়ান, চাইনিজ, খেমার, ফার্সি, কোরিয়ান, স্প্যানিশ, তাগালগ, ভিয়েতনামী, হিন্দি, জাপানি, খাই, রাশিয়ান, বার্মিজ, তেলগু, গুজরাটি, ইন্দোনেশিয়ান, মঙ্গোলিয়ান এবং বাংলা।

সশরীরে ভোট দান

আমি কি ব্যক্তিগতভাবে ভোট দিতে পারি?

- ▲ হ্যাঁ, ভোটারদের অক্টোবর 29 থেকে শুরু হওয়া যেকোনো ভোট কেন্দ্রে ব্যক্তিগতভাবে ভোট দেওয়ার বিকল্প থাকবে।
- ▲ প্রতিদিন সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা এবং নির্বাচনের দিন সকাল 7টা থেকে রাত 8টা পর্যন্ত ভোটকেন্দ্র খোলা থাকবে।

আমি কিভাবে একটি ভোট কেন্দ্র খুঁজে পেতে পারি?

- ▲ ভোট কেন্দ্র অ্যাপটি দেখতে LOCATOR.LAVOTE.GOV-এ ভিজিট করুন অথবা বা কল করুন (800) 815-2666, বিকল্প 1 এ।
- ▲ অ্যাপটি LA কাউন্টির সমস্ত ভোট কেন্দ্রের অবস্থান এবং তাদের আনুমানিক অপেক্ষার সময়গুলি প্রদর্শন করে।
- ▲ প্রতিটি নিবন্ধিত ভোটারকে অক্টোবরের মাঝামাঝি একটি পৃথক মেইলার পাঠানো হবে যেখানে তাদের বাড়ির নিকটতম ভোট কেন্দ্রের অবস্থানের তালিকা থাকবে।

কখন আমি ব্যক্তিগতভাবে ভোট দিতে পারি?

- ▲ অক্টোবর 29 থেকে ভোটাররা যেকোনো ভোট কেন্দ্রে যেতে পারবেন।
- ▲ আগাম ভোটের সুযোগগুলি ব্যবহার করুন এবং তাড়াতাড়ি ভোট দিন।

কোভিড-19 থেকে ভোট কেন্দ্রগুলি কীভাবে সুরক্ষিত রাখছেন ?

- ▲ সমস্ত ভোট কেন্দ্র বর্তমান জনস্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশিকা অনুসরণ করে।
- ▲ নির্বাচন কর্মীরা মুখে মাস্ক পরবেন এবং নিয়মিত ভাবে সারফেস মুছে ফেলবেন।
- ▲ ভোটারদের মাস্ক পরতে দৃঢ়ভাবে উত্সাহিত করা হয়।

ভোট কেন্দ্রে ভোট দেওয়ার জন্য কি আমাকে সনাক্তকরণ সরবরাহ করতে হবে?

- ▲ ক্যালিফোর্নিয়ার আইনে ভোট দেওয়ার সময় নিবন্ধিত ভোটারদের পরিচয়পত্র দেখানোর প্রয়োজন নেই।
- ▲ যাইহোক, যদি একজন ভোটার প্রথমবার নিবন্ধন করে থাকেন, তাহলে তাকে অবশ্যই একটি বৈধ সরকারি ফটো আইডি বা সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে।